17 NOV 1992

দৈনিক ইত্তেফাক

তারিখ 26 NOV 1992
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫ ...

22

165

## চট্টগ্রাম ভার্সিটির বিএ পরীক্ষায় ৪২ ও বিএসএস পরীক্ষায় ৪৩ ভাগ পাস

চট্টগ্রাম অফিস ॥ গতকাল (সোমবার) চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ১৯৯১ সালের বিএ ও বিএসসি পাস পরীক্ষার ফল প্রকাশিত হয়। ১৩ হাজার ৪ শত ৮২ জন (শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## চট্টগ্রাম ভার্সিটি

(১ম পৃঃ পর)

পরীক্ষার্থীর মধ্যে ৫ হাজার ৭ শত ৫৬ জন উত্তীর্ণ হইয়াছে। পাসের হার ৩২ দশমিক ৬ ভাগ, ইহার মধ্যে ৬ শত ৮৮ জন দ্বিতীয় বিভাগে এবং ৫ হাজার ৬৮ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়। মোহাম্মদ সাজ্জাদ হোসেন নামে মাত্র একজন বহিরাগত পরীক্ষার্থী প্রথম বিভাগে উত্তীর্ণ হয়।

গতকাল (সোমবার) চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বি,এস,এস পাস-এ ২ হাজার ৯শত ৭৯জন পরীক্ষার্থীর মধ্যে ১ হাজার ২শত ৮৯জন উত্তীর্ণ হইয়াছে। পাসের হার ৪৩ দশমিক ২ ভাগ। ইহার মধ্যে ১ শত ৯৬ জন দ্বিতীয় বিভাগে। এবং ১ হাজার ৯৩ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়।

ইহা ছাড়া বি এ পাস (বহিরাগত) ৩ হাজার ৭ শত ৬১ জন পরীক্ষার্থীর মধ্যে ১ হাজার ১ শত ২৬ জন উত্তীর্ণ হয়। পাসের হার ২৯ দশমিক ৯ ভাগ। ইহার মধ্যে একজন প্রথম বিভাগে, ২ শত ৫৬ জন দ্বিতীয় বিভাগে, ৮ শত ৬৯ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়। বি,এস,এস পাস(বহিরাগত) ৫ শত ৩৬ জন পরীক্ষার্থীর মধ্যে ১ শত ৫৯ জন উত্তীর্ণ হয়। পাসের হার ২৯ দশমিক ৬ ভাগ। ইহার মধ্যে ২০ জন দ্বিতীয় বিভাগে এবং ১ শত ৩৯ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ১ শত ১৩টি কলেজের মধ্যে ৪টি কলেজের কোন পরীক্ষার্থী উত্তীর্ণ হয় নাই।